**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন**
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট: www.berc.org.bd।

নং-২৮.০১.০০০০.০১৭.১৭.১১২.১৭. ৫৩১৮ তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৩

## ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠিত 'হোটেল-রেস্তোরাঁয় এলপিজি সিলিন্ডারের নিরাপদ ব্যবহার' শীর্ষক কর্মশালা সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক অদ্য ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রবিবার 'হোটেল-রেস্তোরাঁয় এলপিজি সিলিন্ডারের নিরাপদ ব্যবহার' শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নুরুল আলম; সভাপতিত্ব করেন কমিশনের মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ নূরুল আমিন; স্বাগত বক্তব্য প্রদান করেন কমিশনের মাননীয় সদস্য (গ্যাস) ড. মোঃ হেলাল উদ্দিন। উপস্থিত ছিলেন কমিশনের মাননীয় সদস্য (প্রশাসন ও অর্থ) ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, কমিশনের মাননীয় সদস্য (বিদ্যুৎ) জনাব আবুল খায়ের মোঃ আমিনুর রহমান, কমিশনের মাননীয় সদস্য (পেট্রোলিয়াম) জনাব মোঃ কামরুজ্জামান, পেট্রোবাংলার চেয়ারম্যান জনাব জনেন্দ্র নাথ সরকার এবং কমিশনের সচিব ব্যারিস্টার মোঃ খলিলুর রহমান খানসহ প্রমুখ।

০২। কর্মশালায় প্রবন্ধ উপস্থাপন করেন ড. মাকসুদ হেলালী, সাবেক অধ্যাপক, যন্ত্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ড. সৈয়দা সুলতানা রাজিয়া, অধ্যাপক, কেমিকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট); ব্রিগেডিয়ার জেনারেল আলী আহাম্মেদ খান, পিএসসি (অব.) সাবেক মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর; মুঃ দাউদুর রহমান, হেড অফ হেলথ, সেফটি, এনভায়ারমেন্ট এন্ড কোয়ালিটি, ওমেরা পেট্রোলিয়াম লি:; ইঞ্জিনিয়ার মোঃ জাকারিয়া জালাল, হেড অফ স্ট্র্যাটেজি প্ল্যানিং এন্ড পিআর, বসুন্ধরা এলপি গ্যাস লি:; ইঞ্জিনিয়ার মোঃ লিয়াকত আলী, জেনারেল ম্যানেজার (টেকনিক্যাল অপারেশন) জেএমআই এলপিজি গ্যাস লি:। প্রবন্ধে এলপিজি ব্যবহারের নিরাপত্তা বিষয়ক ঝুঁকি ও তার প্রতিকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৩। কর্মশালায় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি জনগনের মতামতের ভিত্তিকে রেগুলেটরী কমিশনের কার্যক্রমের আওতা আরো বৃদ্ধি করার নির্দেশনা প্রদান করেন এবং হোটেল-রেস্তোরাঁসহ সকল ক্ষেত্রে এলপিজি সিলিন্ডারের নিরাপদ ব্যবহারের জন্য সর্তকর্তা অবলম্বনের আহ্বান জানান। কর্মশালায় আলোচকবৃন্দ এলপিজি সিলিন্ডারের নিরাপদ ব্যবহারের বিষয়ে পুস্তিকা/নির্দেশিকা প্রণয়নের আহবান জানান এবং গৃহস্থালী পর্যায়েও এলপিজি'র নিরাপদ ব্যবহারের বিষয়ে যথোপযুক্ত প্রশিক্ষণ আয়োজনের জন্যও গুরুত্ব আরোপ করেন।

০৪। প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ আপলোড করা হয়েছে।

কমিশনের সিদ্ধান্তক্রমে,
২৪/৯/২৩

ব্যারিস্টার মোঃ খলিলুর রহমান খান
সচিব, বিইআরসি।
ফোন: ০২-৫৫০১৪০০৭
ই-মেইল: secy@berc.org.bd